

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
[www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd)

স্মারক নং: ৫৭.০৩.০০০০.০১০.১৯.০০১.১৯.২৭- (উপবৃত্তি)- ৫৩

তারিখঃ ২৭ জুন ২০২১ খ্রিঃ


**বিষয়: কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষার্থীদের বৃত্তি প্রদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে জানানো যাচ্ছে যে, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা সংক্রান্ত একটি নীতিমালা গত ১০ জুন, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক অনুমোদিত হয় এবং ৫ অক্টোবর, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে নীতিমালা সংশোধিত হয়। ইতোমধ্যে MIS Software এর মাধ্যমে ডাটা এন্ট্রি হয়ে শিক্ষার্থীদের একাউন্টে টাকা প্রেরণ শুরু হয়েছে।

২। সংশোধিত নীতিমালার ৩(৭) অনুচ্ছেদ অনুযায়ী নীতিমালার আওতায় উপবৃত্তি গ্রহণকারী শিক্ষার্থী অন্য কোন উপবৃত্তি/বৃত্তি প্রাপ্ত হবেনা।

৩। সে অনুসারে পলিটেকনিক ইনস্টিটিউট এবং টিএসএসি সমূহের শিক্ষার্থীদের ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থ বছরে প্রতিষ্ঠানের বাজেট হতে প্রদত্ত বৃত্তির টাকা প্রদানের ব্যাপারে ৩(৭) অনুচ্ছেদ অনুযায়ী প্রতিষ্ঠানসমূহকে বৃত্তি প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনা মোতাবেক।

  
(মনজুরুল কাদের)  
পরিচালক (প্রশাসন)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর

**বিতরণ:**

০০১-১১৩। অধ্যক্ষ, পলিটেকনিক ইনস্টিটিউট ও টেকনিক্যাল স্কুল ও কলেজ।

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ২-৫। পরিচালক (পিআইডব্লিও, ভোকেশনাল, পিআইইউ, পি অ্যান্ড ডি), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৬। সহকারি পরিচালক-১, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৮। নথি।